**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**(১) রাজ্যের সামগ্রিক উন্নয়নে প্রকৌশলীদের বড় ভূমিকা রয়েছে বলেছেন মুখ্যমন্ত্রী।**

**(২) রাজ্যে সাম্প্রতিক বন্যায় শিক্ষা দপ্তরের ক্ষতির পরিমাণ ২৬৪ কোটি ৪২ লক্ষ টাকা।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ছয়টি বন্দে ভারত ট্রেনের যাত্রার সূচনা করেন।**

**(৪) বিলোনিয়ার প্রাইজ মানি ফুটবল টুর্নামেন্টে বিলোনিয়া ১ নং টিলার হইচই একাদশ চ্যাম্পিয়ান ।**

**********************************************

**Engineers Day- PM:**

আজ ইঞ্জিনিয়ার্স দিবস।এই উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী অগ্রগতি, উদ্ভাবন এবং বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ মোকাবেলায় ইঞ্জিনিয়ারদের উল্লেখযোগ্য অবদানের কথা উল্লেখ করেন।

******************

**57th Engineer's Day Celebration-CM:**

ভারতরত্ন ডাঃ এম বিশ্বেশ্বরাইয়ার যুগান্তকারী অবদানকে স্মরন করে রাখার জন্য প্রতি বছর ১৫ই সেপ্টেম্বর দিনটি ইঞ্জিনিয়ার্স দিবস হিসেবে পালন করা হয়। তারই অঙ্গ হিসেবে আজ

রাজধানীর প্রজ্ঞা ভবনে এক সেমিনার এবং রক্তদান শিবিরের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি বলেন রাজ্যের সামগ্রিক উন্নয়ন তথা এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলার লক্ষকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে রাজ্যের প্রকৌশলীদের বড় ভূমিকা রয়েছে। আগামী দিনে নিজেদের দ্বায়িত্ব আরো ভালোভাবে পালন করার জন্য প্রকৌশলীদের প্রতি আবেদন রাখেন মুখ্যমন্ত্রী। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্য সচীব জে কে সিনহা, পুর্ত দপ্তরের সচিব কিরন গিত্যে, আর ডি দপ্তরের সচিব সন্দীপ রাঠোড় প্রমুখ। এবছর ৫৭তম ইঞ্জিনিয়ার্স দিবসকে সামনে রেখে আয়োজন করা হয় রক্তদান শিবিরেরও।

******************

**Education Secretary:**

রাজ্যে সাম্প্রতিক বন্যায় বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনে স্কুল, হোস্টেল, অফিস মিলে ক্ষতির পরিমাণ ২৬২ কোটি ৮ লক্ষ টাকা। এছাড়া, উচ্চশিক্ষা দপ্তরের অধীন বিভিন্ন মহাবিদ্যালয় ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষতি হয়েছে ২ কোটি ৩৪ লক্ষ টাকা। আজ আগরতলা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন শিক্ষা দপ্তরের সচিব রাভেল হেমেন্দ্র কুমার। তিনি বলেন ক্ষতিপূরণ বাবদ রাজ্য সরকার ১২ কোটি টাকা বরাদ্দ করেছে।

******************

**Social welfare:**

বন্যার ফলে সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আনুমানিক ৫০ কোটি টাকারও বেশী সম্পদের ক্ষয়ক্ষতি হয়েছে। আজ আগরতলা প্রেসক্লাব সাংবাদিক সম্মেলনে একথা জানান দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস। তিনি জানান, বন্যায় রাজ্যের ১০,২২২টি অঙ্গনওয়াড়ী কেন্দ্রের মধ্যে ২০২৯টি ক্ষতিগ্রস্থ হয়েছে।

এর মধ্যে দক্ষিন ত্রিপুরা জেলার সাব্রুম মহকুমায় ২টি ও গোমতী জেলার অমরপুর মহকুমায় ৪টি ব্যাপক ক্ষতিগ্রস্থ অঙ্গনওয়াড়ী কেন্দ্র এখনো চালু করা সম্ভব হয়নি হলে তিনি জানান।

উদয়পুরে অবস্থিত এন. জি. ও. পরিচালিত চাইল্ড কেয়ার ইনস্টিটিউট "আলোর দিশারি'' পুরোপুরি জলের তলায় ডুবে গিয়েছিল যার ফলে এটি সম্পূর্নভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে।

******************

**Food Deptt:**

রাজ্যে সাম্প্রতিক বন্যার ফলে বিভিন্ন জেলায় ৭৯টি রেশন দোকান, ১১টি খাদ্য গুদাম এবং মজুতকৃত পিডিএস সামগ্রী ক্ষতিগ্রস্ত হয়। এরমধ্যে পিডিএস সামগ্রী ক্ষতির পরিমান প্রায় ৫২ লক্ষ টাকা। পাশাপাশি, খাদ্য গোদাম এর ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ৭০ লক্ষ টাকা। আজ আগরতলা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন খাদ্য দপ্তরের সচিব ডঃ রাভেল হেমেন্দ্র কুমার। তিনি বলেন, সম্প্রতি, মুখ্যমন্ত্রীর ঘোষনাকৃত ত্রাণ প্যাকেজের আওতায় রাজ্যের সকল রেশনকার্ড ধারী পরিবারকে অক্টোবর ও নভেম্বর, এই দুই মাস কার্ড প্রতি মাসিক ১০ কেজি হারে বিনামূল্যে চাল প্রদান করা হবে যা নিয়মিত বরাদ্দকৃত চালের অতিরিক্ত। এর জন্য রাজ্য সরকারের কোষাগার থেকে প্রায় ৭০ কোটি টাকা ব্যয় হবে।

******************

**Co-oparative Deptt:**

সাম্প্রতিক বন্যায় রাজ্যে সমবায় দপ্তরের মোট ক্ষয়ক্ষতির পরিমান দাঁড়িয়েছে ২ কোটি ৭৫ লক্ষ টাকা । আজ আগরতলা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন সমবায় নিয়ামক দশরথ দেববর্মা। তিনি বলেন, সমবায় ক্ষেত্রে দক্ষিন ত্রিপুরা জেলায় ৭৭ লক্ষ টাকা, গোমতি জেলায় ৮৩ লক্ষ টাকা, সিপাহীজলা জেলায় ৪৬ লক্ষ টাকা, ধলাই জেলায় ৩৭ লক্ষ টাকা এবং

পশ্চিম ত্রিপুরা জেলায় মোট ক্ষয়ক্ষতির পরিমান ৩২ লক্ষ টাকা। তিনি আরো বলেন ,প্রতিকূলতার মধ্যেও ত্রিপুরার ২৬৮-টি ল্যাম্পস্ প্যাক্স তাদের দৈনন্দিন কাজকর্ম স্বাভাবিকভাবেই চালিয়ে যাচ্ছে।

*******************

**Santikali Ashram:**

মোহনপুরের বড়কাঁঠালে শান্তিকালী আশ্রমের সিদ্বেশ্বরী মন্দিরের আগামীকালের উদ্বোধনের প্রস্তুতি চূড়ান্ত। মন্দিরের উদ্বোধন করবেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এবং ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। অনুষ্ঠানে রাজ্য মন্ত্রিসভার অনেক সদস্য, সাংসদ এবং বিশ্ব হিন্দু পরিষদের নেতৃবৃন্দ উপস্থিত থাকবেন। আজ আশ্রম প্রাঙ্গনে সাংবাদিকদের এককথা জানান পদ্মশ্রী মহারাজ চিত্ত দেববর্মা।

*******************

**BJP:**

বিজেপি সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য আজ কমলাসাগরের গজারিয়া কমিউনিটি হলে দলের এক বৈঠকে অংশ নেন। তিনি সমাজের সবার উন্নয়নে কাজ করতে দলীয় কর্মীদের প্রতি আহ্বান জানান। বৈঠকে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিজেপির মণ্ডল সভাপতি চিত্ত রঞ্জন দেব প্রমুখ।

*******************

**Women Congress/OBC Congress:**

অখিল ভারতীয় মহিলা কংগ্রেসের আজ ৪০তম প্রতিষ্ঠা দিবস। এই উপলক্ষে প্রদেশ কংগ্রেস ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহিলা কংগ্রেসের ত্রিপুরার

পর্যবেক্ষক মিনা টোকো। তিনি রাজ্যে নারী সংক্রান্ত অপরাধ বেড়ে চলেছে বলে অভিযোগ করেন।

এদিন ওয়েবসাইটের মাধ্যমে মহিলা কংগ্রেসের সদস্যপদ সংগ্রহ অভিযান শুরু হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কংগ্রেস সভানেত্রী সর্বাণী ঘোষ চক্রবর্তী প্রমুখ।

*****************

**Congerss-OBC Cell:**

প্রদেশ কংগ্রেস ভবনে আজ দলের ওবিসি সেলের এক সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয় । সভায় ব্লক চেয়ারম্যান ডিস্ট্রিক্ট এবং স্টেট কমিটির চেয়ারম্যানরা উপস্থিত ছিলেন। আজকের এই সভায় সাংগঠনিক বিষয়ে আলোচনা করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক গোপাল চন্দ্র রায়, ওবিসি সেলের চেয়ারম্যান মনোরঞ্জন দেবনাথ সহ অন্যান্যরা।

*****************

**C.M on Sacchata-Hi-Seva:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে রাজ্যেও পক্ষকাল ব্যাপি গতকাল থেকে স্বচ্ছতা ই সেবা অভিযানের অঙ্গ হিসাবে কর্মসূচী শুরু হয়েছে। চলবে আগামী ২রা অক্টোবর। স্বচ্ছতার এই অভিযানে অংশ গ্রহনের জন্য রাজ্যবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। এক বার্তায় তিনি বলেন, "স্বভাব স্বচ্ছতা- সংস্কার স্বচ্ছতা" এই আহ্বানকে সামনে রেখে রাজ্যে স্বচ্ছতা অভিযান চলবে। তিনি বলেন স্বচ্ছ ভারত মিশনে রাজ্যে ২৩ হাজার ২৭৮ টি ব্যক্তিগত পর্যায়ের শৌচাগার নির্মান করা হয়েছে ১০০০ টি গন শৌচালয় নির্মান করা হয়েছে ১৯ টি কঠিন ব্যর্জ ব্যবস্থাপনা .তৈরি করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন..............

#####Byte C.M#####

******************

**PM-Bandhe Bharat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাঁচি বিমানবন্দর থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে টাটানগর-পাটনা সহ ছয়টি বন্দে ভারত ট্রেনের যাত্রার সূচনা করেছেন। প্রধানমন্ত্রী ঝাড়খণ্ডের ৬৬০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন রেল প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং দেশের প্রতি উৎসর্গ করেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে জনগনের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, বন্দে ভারত ট্রেনের পরিচালনার ফলে ঝাড়খন্ড ও প্রতিবেশী রাজ্যগুলি সহ পূর্ব ভারতে অর্থনৈতিক ও সাংস্কৃতিক কর্মকান্ড বৃদ্ধি পাবে। শ্রী মোদী বলেন, এই ট্রেনগুলির মাধ্যমে পর্যটন শিল্প উজ্জীবিত হবে। প্রধানমন্ত্রী বলেন, কেন্দ্র ঝাড়খন্ডের সর্বাঙ্গীন উন্নয়নে প্রতিশ্রুতিব্দ্ধ।

******************

**Onam Festival:**

রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী  ওনাম উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, কেরালার সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য হচ্ছে ওনাম এবং এটি ফসল কাটার সঙ্গে সম্পৃক্ত।  উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর বলেছেন, ওনাম উৎসব ঐতিহ্যের মাধ্যমে সম্প্রদায়কে একত্রিত করে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ওনাম উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন এবং সর্বত্র শান্তি, সমৃদ্ধি এবং সুস্থতা কামনা করেছেন।

******************

**PM Abash Jojona:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পের প্রথম কিস্তির অর্থ ঝাড়খণ্ডের সুবিধাভোগীদের জন্য মঞ্জুর করেছেন। এরজন্য ৩২ কোটি টাকা ডিজিটালি

সুবিধাভোগীদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে স্থানান্তর করা হয়েছে। এছাড়া ৩২ হাজার বাড়ির অনুমোদনপত্র বিতরণ করা হয়েছে। নবনির্মিত ৪৬ হাজার আবাসের জন্য গৃহ প্রবেশ অনুষ্ঠান আয়োজিত হয়। রাঁচি বিমানবন্দরে আয়োজিত অনুষ্ঠানে শ্রী মোদি বলেন, আগামী পাঁচ বছরে আরও দুই কোটি আবাস তৈরি করা হবে। তিনি বলেন, উপজাতি, বঞ্চিত, দলিত, দিব্যাং এবং নারীরা এই ক্ষেত্রে অগ্রাধিকার তালিকায় রয়েছেন।

*******************

**Film Festival:**

তথ্য ও সম্প্রচার মন্ত্রক তরুণ চলচ্চিত্র নির্মাতাদের জন্য ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২৪ এর অংশ হিসেবে "সেরা আত্মপ্রকাশ" নামে নতুন একটি বিভাগ চালু করেছে। ৫৫ তম ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আগামী ২০ থেকে ২৮ নভেম্বর পর্যন্ত গোয়াতে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। নতুন এই বিভাগ তরুণ চলচ্চিত্র নির্মাতাদের আত্মপ্রকাশে সাহায্যে করবে। এই বিভাগে অন্তর্ভুক্তির সুযোগ এখনো চালু রয়েছে এবং তা চলবে আগামী ২৩শে সেপ্টেম্বর পর্যন্ত।

*******************

**Blood Donation-Dipak Majumder:**

আগরতলা মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার আজ নাগেরজলা স্থিত ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জি বাস টার্মিনালে বাস মালিক সংস্থা, ব্যবসায়ী ও বিএম এস-এর উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের উদবোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কর্পোরেটর অভিজিৎ মল্লিক ও সম্পা সরকার সহ অন্যান্যরা। শ্রী মজুমদার বলেন জনগণকে রক্তদানে এগিয়ে আসতে হবে অসুস্থ ব্যক্তিকে সুস্থ করার জন্যে। আজকের শিবিরে বন্যা দুর্গতদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। বিশ্বকর্মা পূজা উপলক্ষ্যে এই রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

******************

**Blood Donation/ DWS:**

দেবশিল্পী বিশ্বকর্মা পূজাকে সামনে রেখে আজ কৈলাশহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের বিজ্ঞান ভবন চত্বরে এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। আয়োজনে ছিল, পানীয় জল ও স্বাস্থ্যবিধি দপ্তরের কৈলাশহর মহকুমা কার্যালয়। এখানে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী গিরিজানন্দজী মহারাজ। তিনি তাঁর ভাষনে রক্তদানের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে আলোকপাত করেন। শিবিরে পঁচিশ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

******************

**Felicitation:**

কৈলাশহরের নেতাজি বিদ্যাপীঠ ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের এলামনি এসোসিয়েশন এর উদ্দোগে আজ স্থানীয় ঊনকোটি কলাক্ষেত্রে এক সংবর্ধনা অনুষ্ঠান হয়। বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাদের রিসা ও স্মারক প্রদান করে সংবর্ধনা জানানো হয়। তাছাড়া প্রয়াত শিক্ষক-শিক্ষিকাদের মরনোত্তর সম্মান জানানো হয় বলে এসোসিয়েশনের সভাপতি দেবপ্রিয় সিনহা জানান। আজকের অনুষ্ঠানে বিদ্যালয়ের অধ্যক্ষ অসিত দত্ত, এসোসিয়েশনের আহ্বায়ক দেবারুন সেন বক্তব্য রাখেন।

******************

**Drama Artistes death:**

খোয়াইয়ের অগ্রণী নাট্য শিল্পী বিজন ভৌমিক প্রয়াত। গতকাল রাত বেঙ্গালুরুর একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন । মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বৎসর। ষাটের দশক থেকে তিনি খোয়াইয়ের যাত্রা ও নাট্যচর্চার সঙ্গে একনিষ্ঠভাবে জড়িত ছিলেন।

******************

**Blood Donation:**

আসন্ন দূর্গাপূজা উপলক্ষে যোগেন্দ্রনগর আদর্শ প্লে সেন্টার এন্ড অর্গানাইজেশনের উদ্যোগে আজ এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এছাড়া গতকাল মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ১৫০ জন রোগী চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন।

******************

**TGB Exem:**

প্রতি বছরের মত এ বছরও ত্রিপুরা গ্রামীণ ব্যাংক অফিসার্স ইউনিয়নের উদ্যোগে আগরতলার বিজয় কুমার স্কুলে ব্যাংকের চাকরি প্রার্থীদের জন্য মক টেস্ট অনুষ্ঠিত হয়। আইবিপিএস এর আরআরবি প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মেইনস পরীক্ষার প্রস্তুতির জন্যে এই মক টেস্টের আয়োজন করা হয়। ইউনিয়নের নেতৃত্ব জানান আজকে মক টেস্ট পরীক্ষায় ৭০ জন পরীক্ষার্থী ছিল। রাজ্যের বিভিন্ন জায়গাতেও এই কর্মসূচী চলবে। আগামী ১৮ সেপ্টেম্বর অনলাইনেও মক টেস্টের ব্যবস্থা করেছে সংগঠন।

******************

**IMD:**

ভারতের আবহাওয়া দপ্তর আজ ছত্তিশগড় এবং ঝাড়খণ্ডের কিছু অংশে অতি ভারী বৃষ্টিপাতের লাল সতর্কতা জারি করেছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, পূর্ব মধ্যপ্রদেশ, বিহার এবং ওড়িশাতেও খুব ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এছাড়াও, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম এবং ত্রিপুরার কিছু অংশে ভারী বৃষ্টিপাত হবে।

রাজ্যে পশ্চিম ও সিপাহীজলা জেলার কিছু স্থানে আগামী ২৪ ঘন্টায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আগরতলা আবহাওয়া দপ্তর। এছাড়া, অন্যান্য জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা থাকতে পারে সর্বোচ্চ ৩২ এবং সর্বনিম্ন

২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আজকের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

*****************

**Football Tournament-Belonia:**

আজ বিলোনিয়ার বিদ্যাপীঠ মিনি স্টেডিয়ামে ওরিয়েন্টাল ক্লাব আয়োজিত বিলোনিয়া প্রাইজ মানি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে বিলোনিয়া ১ নং টিলার হইচই একাদশ ১-০ গোলে এপার বাংলা ওপার বাংলা একাদশকে পরাজিত করে। প্রথমার্ধের ১৫ মিনিটের মাথায় একমাত্র গোলটি করেন বিজয়ী দলের পক্ষে দিয়ারাসুবা হাসান। বিজয়ী দল প্রাইজমানি হিসাবে ৮০ হাজার টাকা ও রানার্স দলকে ৫০ হাজার টাকা প্রদান করা হয়।

*****************

*****************